# ফুলবাড়ীয়া উপজেলা পরিষদের মে/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

তারিখ: ১৫/০৫/২০২৫ খ্রি.

সভাপতি ঃ মোঃ আরিফুল ইসলাম
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য**

সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অত্র উপজেলা পরিষদের মে/২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উপজেলা পরিষদ কর্তৃক তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর উপজেলা পরিষদ কর্তৃক বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিভাগ/দপ্তরের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা কৃষি বিভাগ** | | |
| উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ীয়াঃ জানান যে, উপজেলা কৃষি বিভাগের দাপ্তরিক নিয়মিত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে চলমান রয়েছে।চলতি বছরে বোরো ধান ৯৫% কর্তন সম্পন্ন হয়েছে। এ বছর আবাদ হয়েছে ২১.০২৫ হেক্টর যা উৎপাদন হয়েছে প্রায় ১,৪০.০০০ মে.টন।২০২৪-২৫ অর্থ বছরে আউশ প্রনোদনা দেওয়া হয়েছে ৩৫০০ জন কৃষককে যেগুলো ইতিমধ্যে সফল ভাবে বিতরন হয়েছে এবং মাঠে বীজতলা সম্পন্ন হয়েছে এছাড়া ফুলবাড়ীয়া উপজেলায় সারের কোন ঘাটতি নেই বলেও তিনি সভায় অবহিত করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জন্য তিনি জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। |
| **০২। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** | | |
| প্রাণিসম্পদ দপ্তরঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, তাঁর কার্যালয়ে সকল ধরনের প্রাণিসম্পদের সেবা বৃদ্ধি করা হয়েছে।গত বছরে এই উপজেলায় মোট ২০,০০০টি পশু কোরবানি হয়েছিল সেই হিসেবে এবছর আমাদের কোরবানির পশু আছে মোট ২৫,০০০ যাতে কোন ঘাটতির সম্ভাবনা নেই বলে তিনি জানান। এছাড়া তিনি আরও উল্লেখ করেণ যে, মোট ৭ টি বাজারে কোরবানির পশুর হাট বসবে এবং ৭টি হাটেই ভ্যাটেনারী ডাক্তারের ব্যাবস্থা থাকবে,সেই সাথে অন লাইন কোরবানির পশুর হাট বিষয়ে একটি ওয়েভ সাইট চালু হয়েছে। এছাড়া আসন্ন কোরবানির ঈদে গরুকে বয়লার ফিট না খাওয়ানো বিষয়ে উপস্থিত সকলের সচেতনতার জন্য দৃষ্টি আকর্ষণ করেন। | নির্দিষ্ট সময়ের মধ্যে উপজেলা প্রাণি সম্পদ অফিসারের কার্যালয়ে প্রাপ্ত বরাদ্দের তালিকা প্রেরণ এবং আসন্ন কোরবানির ঈদে গরুকে বয়লার ফিট না খাওয়ানো বিষয়ে সকলকে সচেতন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| **০৩। উপজেলা মৎস্য বিভাগ** | | |
| সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ীয়াঃ অত্র উপজেলার অনিবন্ধিত ৫টি হ্যাচারিকে নিবন্ধনের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, এপ্রিল মাস হতে জুন মাস পর্যন্ত দেশীয় প্রজাতির ছোট মাছের প্রজননকাল, এ সময় মা মাছ ধরা আইনগতভাবে নিষিদ্ধ। কেউ তা অমান্য করলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া অত্র উপজেলার মৎস্য খাদ্যের দোকান ও মৎস্য খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন অব্যাহত রয়েছে। | অত্র উপজেলার সকল হ্যাচারী নিবন্ধনের আওতায় নিয়ে আসা এবং দেশীয় প্রজাতির ছোট মাছের প্রজননকালে মা মাছ ধরা হতে বিরত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা ও সহযোগিতা করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ীয়া এবং সংশ্লিষ্ট সকল |
| **০৪। উপজেলা প্রকৌশল বিভাগ** | | |
| **(ছ) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ীয়াঃ** অফিসের নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, ২০২৪-২৫ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র ১ম, ২য় ও ৩য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ এবং সম্ভাব্য ৪র্থ কিস্তির প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে সকল ইউপি | আলোচনান্তে প্রকল্প বাছাই কমিটির সুপারিশ মোতাবেক উপজেলা প্রকৌশলী কর্তৃক সভায় পেশকৃত স্কীম সমুহ e-Gp পদ্ধতিতে টেন্ডার আহবান করে স্কীম | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া এবং উপজেলা |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান/প্রশাসকের নিকট স্কীম চাওয়া হয়। এর প্রেক্ষিতে ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণ স্কীম দাখিল করেন। দাখিলকৃত স্কীমসমুহ যাচাই-বাছাই করে অনুমোদনের জন্য উপজেলা পরিষদের সমন্বয় সভায় পেশ করেন (স্কীম তালিকা সংযুক্ত)।ইতোমধ্যে e-gp এর মাধ্যমে লটারি সম্পন্ন করা হয়েছে। দ্রুত কার্যাদেশ দিয়ে প্রকল্পের কাজ শেষ করা হবে।এছাড়াও গত ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল( এডিপি) এর আওতায় সাধারণ বরাদ্ধ হইতে নাওগাঁও,রাঙ্গামাটিয়া ,কালাদহইউনিয়নে(ক)পলাশীহাটা পাকা রাস্তা হইতে ০৮ নং রাঙ্গামাটিয়া ইউপি সীমা পর্যন্ত হেরিংবন রাস্তা নির্মান,(খ) কেশরগঞ্জ –মধুপুর সড়কে ২৬৫০.০০ মিটার চেইনেজে গার্ডার ব্রীজের স্ল্যাব মেরামত করণ (গ) হরিপুর আব্বাস শিকদারের ফিসারী হইতে হিরা চৌধুরীর ফিসারী পর্যন্ত রাস্তা এইচবিবি করণ(ঘ) শিবরামপুর উচ্চ বিদ্যালয়ে শহীদ মিনার স্থাপন কাজের আবশিষ্ট বকেয়া বিল = ২,৭২,৯৯৫/- টাকা পরিশোধ করণ বিষয়ে আলোচনা করেন। এছাড়া তিনি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশলী, ফুলবাড়ীয়া |
| **০৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ফুলবাড়ীয়াঃ নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবকাঠামোগত দুর্বলতা সমাধানের জন্য আবারো এ সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরীক্ষা সংক্রান্ত সেবা আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে ।গতমাসে সেবা নিয়েছে এমন রোগীর সংখ্যা মোট ১৫,২৩৯ জন যার মধ্যে জরুরী ভিত্তিতে সেবা নিয়েছে ৩৭৫৮ জন, ল্যাবরেটরীতে ১০৮৪ জন,দক্ষ দায়ী দ্বারা বাড়িতে সেবা নিয়েছে ২০ জন মেজর অপারেশন ৩০ টি, সিজার ৮টি। বর্তমানে অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সিজার, হার্নিয়া, এপেনডিক্সসহ আরও কিছু অপারেশন করা হচ্ছে । এছাড়া তিনি কমিউনিটি ক্লিনিকের সেবা গ্রহনের সুবিধা সর্ম্পকেও কিছু আলোচনা করেন। | ফুলবাড়ীয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবকাঠামোগত দুর্বলতা দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া। |
| **০৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ** | | |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া জানান যে, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের নিয়মিত কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ছাত্র-ছাত্রীদের পড়াশোনার বিষয়ে নিয়মিত মনিটরিং করার জন্য শিক্ষকদের বলা হয়েছে। । তবে ছাত্র-ছাত্রী অনেক ঝড়ে যাচ্ছে বলে তিনি সভায় অবহিত করেন।শিক্ষকদের আন্তরিকতা না থাকায় শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ ও সামাজিক সম্পৃক্ততা বাড়ানোর জন্য তাদের নিয়মিত তাগিদ দেওয়া হয়।উপজেলা এডহক শিক্ষা কমিটির সদস্য ও জনপ্রতিনিধিগন বিদ্যালয়ের সাথে সম্পৃক্ত হলে শিক্ষকদের কাজে গতিশীলতা বাড়বে বলে আশা করা যায়। | উপজেলা পরিষদের অভ্যন্তরে জায়গা থাকা সাপেক্ষ্যে কাব স্কাউটের ভবন নির্মাণের অনুমোদন দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, |
| **০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের দাপ্তরিক নিয়মিত কার্যক্রমসমূহ সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।কোন প্রকার অপ্রিতীকর ঘটনা ছাড়াই এস.এস.সি ২০২৫ পরীক্ষা খুব সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| **০৮। উপজেলা মহিলা বিষয়ক দপ্তর** | | |

| | | |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ফুলবাড়ীয়া অদ্যকার সভায় জানান যে, তাঁর বিভাগের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তরের VWB হতে ২০২৩-২৪ অর্থ বছরে আরো ৬ মাসের বরাদ্ধ এসেছে।জানুয়ারি/২৪হতে জুন/২৪ পর্যন্ত চালের বরাদ্দ এসেছে। এছাড়া VWB ২০২৫-২০২৬ অর্থ বছরের অনলাইন আবেদন চলছে।। মা ও শিশু সহায়তা কর্মসূচি ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষন কর্মসূচী আগামী সপ্তাহে চলমান থাকবে । কিশোর কিশোরী ১৪টি ক্লাবের কার্যক্রম চলমান,তবে ছাত্র-ছাত্রী এপ্রিল /২৫ মাসের নাস্তা ১৮/- হারে বরাদ্ধ এসেছে। | এপ্রিল/২৫ মাসে VWB সুবিধা গ্রহণের জন্য যথাসময়ে অনলাইনে আবেদন সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) ও সংশ্লিষ্ট সকল, ফুলবাড়ীয়া। |
| **০৯। উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | | |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ীয়া জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।২৫তারিখের মধ্যে ভিজিএফ বিতরন করা সর্ম্পকে আলাচনা করেন এছাড়া টিআর কাবিখা/কাবিটা প্রকল্পের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় তদারকি অব্যাহত রয়েছে। সংশ্লিষ্ট সকলকে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করার অনুরোধ জানান। | সকল প্রকল্পের কাজ নীতিমালা মোতাবেক এবং নির্দিষ্ট সময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল, ফুলবাড়ীয়া, |
| **১০। উপজেলা সমবায় বিভাগ** | | |
| উপজেলা সমবায় অফিসার অদ্যকার সভায় জানান যে, তাঁর দাপ্তরিক নিয়মিত কার্যক্রমসমূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ীয়া |
| **১১। উপজেলা যুব উন্নয়ন দপ্তর** | | |
| উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ীয়া অদ্যকার সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে ২১ জন যুব ও যুব মহিলাদের মাঝে ১৮,৮০,০০০/- টাকা যুব ঋণ এবং ৩০ জন যুব মহিলাদের মাঝে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা পরিবারভিত্তিক ঋণ বিতরণ করা হয়েছে। এবং ৩৯০ জন যুব ও যুব মহিলাকে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে এপ্রিল/২০২৫ পর্যন্ত আত্মকর্মীর সংখ্যা ৯২ জন। ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৯৬.০৮%। উপজেলা যুব উন্নয়ন অফিসের নিয়মিত কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ীয়া |
| **১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ফুলবাড়ীয়া অদ্যকার সভায় জানান যে, সিরিঞ্জি বরাদ্দ সংকটের কারণে প্রয়োজনীয় সেবা বাধাগ্রস্থ হচ্ছে। এছাড়া উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সিরিঞ্জ ক্রয়ের মাধ্যমে আপাদত সেবা প্রদান অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবারো এ সভার সাভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সিরিঞ্জ ক্রয়ের মাধ্যমে আপাদত সেবা প্রদান অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| **১৩। উপজেলা সমাজসেবা বিভাগ** | | |
| উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ীয়া অদ্যকার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে প্রতিবন্ধি ভাতা কর্যক্রম চলমান রযেছে। নিয়মিক ৪৭৯৭২ জন বিভিন্ন ভাতা ভোগীর মধ্যে ৪র্থ কিস্তির অর্থ ই.এফ.টি এর মাধ্যমে বিতরন এর কাজ চলছে। নিয়মিত ও নতুন বরাদ্ধের মোট ৫২৬৫১ জন ভাতাভোগীদের মধ্যে প্রায় ১৫ কোটি টাকা ঈদের পূর্বেই বিতরনের জন্য সর্বোচ্চ চেষ্টা চলছে। এছাড়া তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট সকল, ফুলবাড়ীয়া |
| **১৪। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** | | |
| উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ীয়া অদ্যকার সভায় অবহিত করেন যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রমসমূহ যথারীতি | উপজেলা রাজস্ব তহবিল হতে আর্সেনিক পরীক্ষার কিট ক্রয়ের বিষয়টি নীতিমালা | উপজেলা নির্বাহী অফিসার, |

| | | |
|---|---|---|
| সুষ্ঠুভাবে চলমান রয়েছে। বিনামূল্যে আর্সেনিক পরিক্ষার কাজ চলমান রয়েছে। ২০২৪-২০০৫ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে মোট ১২টি করে মোট ১৫৪ টি নলকূপ এর বরাদ্ধ এসেছে।এছাড়া আবেদন হয়েছে প্রায় ৭০০ এখনো চুড়ান্ত করা হয়নি। | মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফুলবাড়ীয়া |
| **১৫। উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) বিভাগ** | | |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ীয়া সভায় জানান যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রমসমূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। কিছু ঋণ গ্রহীতার নিকট হতে বকেয় ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের করার বিষয়ে এ সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বকেয়া ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ীয়া |
| **১৬। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়** | | |
| উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ীয়া অদ্যকার সভায় জানান যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট সকল ফুলবাড়ীয়া |
| **১৭। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর** | | |
| সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গৌরীপুর অদ্যকার সভায় অত্র উপজেলাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য অনুরোধ জানান। ওয়েব পোর্টাল হালনাগাদকরণে কোনো-প্রকার প্রতিবন্ধকতার সম্মুখীন হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফুলবাড়ীয়ায় যোগাযোগের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান, প্রশাসনিক কর্মকর্তা (সকল), ফুলবাড়ীয়া এবং দপ্তর প্রধান (সকল), ফুলবাড়ীয়া |
| **১৮। বিবিধ** | | |
| (ক) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়াঃ উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ হলরুমের মেরামত এবং সংস্কার, আনসার ভিডিপি ব্যারাক নির্মাণ, উপজেলা নির্বাহী অফিসারের ডাক বাংলো এবং অফিসের টয়লেট সংস্কার ও মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের ডাক বাংলোর নিরাপত্তার জন্য ডাকবাংলোর সামনে পুকুরের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা জরুরী প্রয়োজন। এ প্রেক্ষিতে উপরিউক্ত কাজ বাস্তবায়নে প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ীয়াকে অনুরোধ জানান এবং প্রকল্পের তালিকা স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ হলরুমের মেরামত এবং সংস্কার, আনসার ভিডিপি ব্যারাক নির্মাণ, উপজেলা নির্বাহী অফিসারের ডাক বাংলো এবং অফিসের টয়লেট সংস্কার ও মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের ডাক বাংলোর নিরাপত্তার জন্যে ডাকবাংলোর সামনে পুকুরের বাউন্ডারী ওয়াল নির্মাণের কাজ বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া এবং উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ীয়া। |
| **(খ) চেয়ারম্যান, রাঙ্গামাটিয়া ইউপি, ফুলবাড়ীয়াঃ** তাঁর নির্বাচিত ইউনিয়নে কাবিখার কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নে কাজ করা হচ্ছে বলে এ সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তিনি বাবুলের বাজার সরকারি স্বাস্থ্য সেবা কেন্দ্রে জনবল বৃদ্ধি করে সুষ্ঠ ও সুন্দর ভাবে রোগীদের সেবা প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর দৃষ্টি আকর্ষণ করেন। | ইউনিয়ন পরিষদের প্রাপ্ত সকল বরাদ্দের কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান, পুটিজানা, ফুলবাড়ীয়া |
| **(গ) চেয়ারম্যান, আছিম পাটুলী ইউপি, ফুলবাড়ীয়াঃ** তিনি ইউনিয়ন ভূমি অফিসের সেবা হয়রানি মুক্ত ও আরো সহজিকরণের জন্য ইউনিয়ন ভূমিসহকারী/উপসহকারী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য এ সভার সভাপতিকে অনুরোধ জানান। | ইউনিয়ন ভূমি অফিসসহ উপস্থিত অত্র উপজেলার সকল অফিস প্রদান/ প্রতিনিধিকে অফিসে সেবা গ্রহণের জন্য আগত জনসাধারণকে হয়রানিমুক্ত ও দ্রুত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৫/২৫

(মোঃ আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

স্মারক নং- ০৫.৪৫.৬১২০.০১০.০৬.০০১.২৩.৩৯৭ — তারিখ- ১৫/০৫/২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫. প্রশাসক, ফুলবাড়ীয়া পৌরসভা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
০৬. উপজেলা.................................................................................................... অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
০৭. চেয়ারম্যান/ প্রশাসক,..................................................................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
০৮. অফিস কপি।

১৫/০৫/২৫

(মোঃ আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

## ফুলবাড়ীয়া উপজেলা পরিষদ এর মে/২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার হাজিরা শীটঃ

স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, ফুলবাড়ীয়া। তারিখঃ ১৫ এপ্রিল ২০২৫

| ক্রম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ ও প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ২. | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ৫. | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ৬. | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ৯. | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ১২. | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |

| ক্রম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ১৬. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ১৭. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ফুলবাড়ীয়া, | |
| ১৮. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ফুলবাড়ীয়া, | ১৫/০৫/২৫ |
| ১৯. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ২০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |
| ২১. | উপজেলা পল্লী সঞ্চয়ী ব্যাংক, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ। | |

# ফুলবাড়ীয়া উপজেলা পরিষদ এর মে/২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার হাজিরা শীট:

স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, ফুলবাড়ীয়া।

তারিখ: ১৫ এপ্রিল ২০২৫

| ক্রম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | প্যানেল চেয়ারম্যান, ১ নং নাওগাঁও ইউপি, ফুলবাড়ীয়া | |
| ২. | প্রশাসক, ২ নং পুটিজানা ইউপি, ফুলবাড়ীয়া | |
| ৩. | প্রশাসক, ৩ নং কুশমাইল ইউপি, ফুলবাড়ীয়া | |
| ৪. | প্রশাসক, ৪ নং বালিয়ান ইউপি, ফুলবাড়ীয়া | |
| ৫. | চেয়ারম্যান, ৫ নং দেওখোলা ইউপি, ফুলবাড়ীয়া | |
| ৬. | চেয়ারম্যান, ৬ নং ফুলবাড়ীয়া ইউপি, ফুলবাড়ীয়া | |
| ৭. | চেয়ারম্যান, ৭ নং বাক্তা ইউপি, ফুলবাড়ীয়া | |
| ৮. | চেয়ারম্যান, ৮ নং রাঙ্গামাটিয়া ইউপি, ফুলবাড়ীয়া | |
| ৯. | চেয়ারম্যান, ৯ নং এনায়েতপুর ইউপি, ফুলবাড়ীয়া | |
| ১০. | চেয়ারম্যান, ১০ নং কালাদহ ইউপি, ফুলবাড়ীয়া | |
| ১১. | চেয়ারম্যান, ১১ নং রাধাকানাই ইউপি, ফুলবাড়ীয়া | |
| ১২. | চেয়ারম্যান, ১২ নং আছিম পাটুলী ইউপি, ফুলবাড়ীয়া | |
| ১৩. | চেয়ারম্যান, ১৩ নং ভবানীপুর ইউপি, ফুলবাড়ীয়া | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
www.fulbaria.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১২০.০০০.৫৬.০১৯.২৫.৩৪০ (ক)

তারিখ: ২২ বৈশাখ ১৪৩২
০৫ মে ২০২৫

## সভার বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা ফুলবাড়ীয়া উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভার সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে মে/২০২৫ মাসের 'উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা' অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসূচি:**

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
(খ) বিভিন্ন দপ্তরের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত আলোচনা।
(গ) বিবিধ।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো এবং সভার কার্যপত্র আবশ্যিকভাবে বিশেষ বাহক মারফত আগামী ১৩ মে ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

৫/৫/২৫
(মোঃ আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
ফোন (অফিস):-০৯০২৩৭৩০০১
ই-মেইল: unofulbaria@mopa.gov.bd

প্রাপক, ------------------

------------------

ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৩। প্রশাসক, ফুলবাড়ীয়া পৌরসভা, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
০৪। জনাব ------------------------------------------------------------, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
০৫। উপজেলা আইসিটি অফিসার, উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ (পত্রটি অত্র উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। অফিস কপি।